গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
<u>মন্ত্রিপরিষদ বিভাগ</u>

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস' পালনে জন্য গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন পর্যালোচনা ও সমন্বয়ের লক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় ভার্চুয়াল ফলো-আপ সভার কার্যবিবরণী

সভার তারিখ : ০২ আগস্ট ২০২১
সময় : বেলা ১১:০০ টা
স্থান : ভার্চুয়াল প্লাটফর্ম (জুম)
সভাপতি : খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

১। সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার 'জাতীয় শোক দিবস' পালন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচির অগ্রগতির উপর আলোচনা করতে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব জনাব সোলতান আহমদ গৃহীত কর্মসূচি ক্রমান্বয়ে সভায় উপস্থাপন করেন এবং বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ করেন।

২। ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে সমগ্র বাংলাদেশ এবং প্রবাসে 'জাতীয় শোক দিবস' পালনের উদ্দেশ্যে গৃহীত নিম্নবর্ণিত কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর সভায় বিস্তারিত আলোচনা হয়:

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়নে | অগ্রগতি |
|---|---|---|---|
| ২.১ | (ক) ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। | (ক) সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, সংস্থা ও দপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) | সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সভায় জানান যে, পতাকা বিধির উপর বাংলাদেশ টেলিভিশনের যে ডকুমেন্টারি রয়েছে তা ব্যাপক প্রচার এবং টিভি স্ক্রলে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার বিষয়টি প্রদর্শন করা হবে। |
| | (খ) বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে এবং আলোচনা সভার আয়োজন করা হবে।<br><br>**<u>সহায়ক কার্যক্রম :</u>**<br>(ক) বাংলাদেশ টেলিভিশন জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, ছেঁড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার না করা ও মানসম্মত কাপড়ে যথানিয়মে জাতীয় পতাকা প্রস্তুত করার বিষয়ে ব্যাপক প্রচার করবে।<br>(খ) বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালন করবে। | (খ) পররাষ্ট্র মন্ত্রণালয়<br><br>(ক) বাংলাদেশ টেলিভিশন<br><br>(খ) পররাষ্ট্র মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান যে, ইতোমধ্যে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহকে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, আলোচনা সভা ও মিলাদ মাহফিল আয়োজন করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় থেকে প্রাপ্ত সিডি, পোস্টার ও অন্যান্য সামগ্রী (সফটকপিসহ) মিশনসমূহে প্রেরণ করা হয়েছে। |

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়নে | |
|---|---|---|---|
| | (গ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে প্রচারের জন্য সিডি, পোস্টার ও অন্যান্য সামগ্রী (সফটকপিসহ) পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিকট জাতীয় শোক দিবসের পর্যাপ্ত সময় পূর্বে হস্তান্তর করবে। | (গ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | |
| ২.২ | সকাল ৬:৩০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, অনার গার্ড প্রদান এবং মোনাজাত। | | |
| | **সহায়ক কার্যক্রম:**<br>(ক) সশস্ত্র বাহিনী বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করবে। | (ক) সশস্ত্র বাহিনী বিভাগ | (ক) সশস্ত্র বাহিনী বিভাগের প্রতিনিধি জানান যে, কর্মসূচী অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| | (খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ জাতির পিতার প্রতিকৃতি সংস্কার (প্রয়োজন অনুযায়ী), স্পট/ফ্লাড/অন্যান্য লাইট স্থাপন, দেয়াল ও গ্রীল রঙকরণ, অনুষ্ঠানস্থল যথাযথভাবে সজ্জিতকরণ, পুষ্পস্তবক সরবরাহ এবং প্রতিকৃতি-সংলগ্ন ফোয়ারায় পানি প্রবাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | (খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | (খ) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় জানান যে, সিদ্ধান্ত মোতাবেক সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| | (গ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় অনুষ্ঠানস্থলের সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষা, অগ্নিনির্বাপক যন্ত্রসহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের প্রয়োজনীয় সংখ্যক গাড়ি রাখা, ট্রাফিক নিয়ন্ত্রণ ও গাড়ি পার্কিংয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় জাতীয় শোক দিবস পালন সংক্রান্ত সার্বিক নিরাপত্তার বিষয়ে আইন-শৃঙ্খলা বাহিনী ও সংশ্লিষ্টদের নিয়ে জুলাই ২০২১-এ একটি প্রস্তুতিমূলক সভা এবং আগস্ট ২০২১-এর প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করবে। | (গ) জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | (গ) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ ও সচিব, সুরক্ষা সেবা বিভাগ জানান যে, 'জাতীয় শোক দিবস' পালনের সঙ্গে সংশ্লিষ্টদের নিয়ে সভা করে কর্মসূচি চূড়ান্ত করা হয়েছে। ধানমন্ডি ৩২ নম্বরস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, বানানী কবরস্থান এবং গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। অনুষ্ঠানস্থলে অগ্নিনির্বাপক যন্ত্রসহ প্রয়োজনীয় সংখ্যক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের গাড়ির উপস্থিতি নিশ্চিত করা হয়েছে। |
| | (ঘ) স্বাস্থ্য সেবা বিভাগ অনুষ্ঠানস্থলে অ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা গ্রহণ করবে। | (ঘ) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | (ঘ) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ জানান যে, বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে একাধিক মেডিকেল টিম গঠন করা হয়েছে। মেডিকেল টিম অ্যাম্বুলেন্সসহ অনুষ্ঠানস্থলে অবস্থান করবে। |

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়নে | অগ্রগতি |
|---|---|---|---|
| | (ঙ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল ও এর পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। লেক সংলগ্ন বঙ্গবন্ধুর প্রতিকৃতির দু'পাশের লেকের ফোয়ারা চালু রাখতে হবে। | (ঙ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন,<br>জেলা প্রশাসন, ঢাকা এবং বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ | ঙ) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন জানান যে, অনুষ্ঠানস্থল ও এর পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং বঙ্গবন্ধুর প্রতিকৃতির দুই পাশের লেকের ফোয়ারা চালু রাখার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| | (চ) অনুষ্ঠানস্থলে প্রয়োজনীয় সংখ্যক মাইক্রোফোনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (চ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং গণযোগাযোগ অধিদপ্তর | চ) সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সভায় জানান যে, অনুষ্ঠানস্থলে প্রয়োজনীয় সংখ্যক মাইক্রোফোনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| ১.৩ | ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহিদের কবরে (ঢাকার বনানীস্থ কবরস্থানে) সকাল ৭:৩০ ঘটিকায় পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ এবং ফাতেহা পাঠ ও মোনাজাত।<br><br>সহায়ক কার্যক্রম: | | |
| | (ক) সশস্ত্র বাহিনী বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করবে। | (ক) সশস্ত্র বাহিনী বিভাগ | (ক) সশস্ত্র বাহিনী বিভাগের প্রতিনিধি জানান যে, পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ এবং পবিত্র কোরআন তেলাওয়াত, ফাতেহা পাঠ ও মোনাজাতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| | (খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় প্রয়োজনীয় পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি সরবরাহ করবে। | (খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | (খ) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় জানান যে, প্রয়োজনীয় পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| | (গ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় অনুষ্ঠানস্থলে আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | (গ) জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | (গ) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ ও সচিব, সুরক্ষা সেবা বিভাগ জানান যে, অনুষ্ঠানস্থলে আইন-শৃঙ্খলা, ট্রাফিক ব্যবস্থাসহ সার্বিক নিরাপত্তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| | (ঘ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল এবং পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | (ঘ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | (ঘ) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন জানান যে, অনুষ্ঠানস্থল এবং পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |

| | | | |
|---|---|---|---|
| | (ঙ) স্বাস্থ্য সেবা বিভাগ অনুষ্ঠানস্থলে অ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা গ্রহণ করবে। | (ঙ) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | (ঙ) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ জানান যে, বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিম গঠন করা হয়েছে। অ্যাম্বুলেন্সসহ মেডিকেল টিম অনুষ্ঠানস্থলে অবস্থান করবে। |
| | (চ) অনুষ্ঠানস্থলে প্রয়োজনীয় সংখ্যক মাইক্রোফোনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (চ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং গণযোগাযোগ অধিদপ্তর | (চ) সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সভায় জানান যে, অনুষ্ঠানস্থলে প্রয়োজনীয় সংখ্যক মাইক্রোফোনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| ২.৪ | ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার সকাল ১০:০০ ঘটিকায় গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফাতেহা পাঠ, পুষ্পস্তবক অর্পণ এবং মোনাজাত।<br>সহায়ক কার্যক্রম:<br>(ক) সশস্ত্র বাহিনী বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করবে। | (ক) সশস্ত্র বাহিনী বিভাগ | সশস্ত্র বাহিনী বিভাগের প্রতিনিধি জানান যে, কর্মসূচি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| | (খ) জেলা প্রশাসন, গোপালগঞ্জ প্রয়োজনীয় পুষ্পস্তবক সরবরাহ করবে।<br>(গ) পুলিশ সুপার, গোপালগঞ্জ অনুষ্ঠানের সার্বিক নিরাপত্তা এবং অনুষ্ঠানস্থলে আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>(ঘ) জেলা প্রশাসন, গোপালগঞ্জ ফাতেহা পাঠ ও মোনাজাতের ব্যবস্থা গ্রহণ করবে।<br>ঙ) সিভিল সার্জন, গোপালগঞ্জ অনুষ্ঠানস্থলে অ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা করবেন।<br>চ) গণপূর্ত বিভাগ অনুষ্ঠানস্থলের সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ প্রয়োজনীয় সংস্কারের ব্যবস্থা করবে। | (খ) জেলা প্রশাসক, গোপালগঞ্জ<br>(গ) পুলিশ সুপার, গোপালগঞ্জ<br>(ঘ) জেলা প্রশাসক, গোপালগঞ্জ<br>(ঙ) সিভিল সার্জন, গোপালগঞ্জ<br>(চ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | জেলা প্রশাসক, গোপালগঞ্জ জানান যে, পবিত্র ফাতেহা পাঠ ও মোনাজাতসহ অন্যান্য সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিম গঠন ও অতিথিদের আবাসনের ব্যবস্থা করা হয়েছে।<br>পুলিশ সুপার, গোপালগঞ্জ জানান যে, সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় জানান যে, অনুষ্ঠানস্থলের সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ প্রয়োজনীয় সংস্কার করা হয়েছে এবং এ কার্যক্রম অব্যাহত রয়েছে। |
| ২.৫ | টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিস্থলে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বিশেষ দোয়া মাহফিলের আয়োজন। | জেলা প্রশাসক, গোপালগঞ্জ | জেলা প্রশাসক, গোপালগঞ্জ জানান যে, টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিস্থলে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বিশেষ দোয়া মাহফিল আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়নে | অগ্রগতি |
|---|---|---|---|
| ২.৬ | সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে সারাদেশের মসজিদসমূহে বাদ যোহর বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল) এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল) | সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় জানান যে, সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে সারাদেশের মসজিদসমূহে বাদ যোহর বিশেষ মোনাজাত এবং মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| ২.৭ | জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে বাংলাদেশ বেতার এবং বাংলাদেশ টেলিভিশন কর্তৃক বিশেষ অনুষ্ঠানমালা প্রচার।<br>**সহায়ক কার্যক্রম:**<br>বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার জাতীয় শোক দিবসের উল্লেখযোগ্য অনুষ্ঠানসমূহ সরাসরি সম্প্রচার করবে। বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারের মাধ্যমে অন্যান্য বেসরকারি টেলিভিশন, রেডিও চ্যানেল ও কমিউনিটি রেডিও যাতে উক্ত অনুষ্ঠানসমূহ সরাসরি সম্প্রচার করে সে বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ টেলিভিশন এবং বাংলাদেশ বেতার | সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় জানান যে, বাংলাদেশ টেলিভিশন এবং বাংলাদেশ বেতার 'জাতীয় শোক দিবস' উপলক্ষ্যে ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার জাতীয় শোক দিবসের উল্লেখযোগ্য অনুষ্ঠানসমূহ সরাসরি সম্প্রচার করবে। বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারের মাধ্যমে অন্যান্য বেসরকারি টেলিভিশন, রেডিও চ্যানেল ও কমিউনিটি রেডিও যাতে উক্ত অনুষ্ঠানসমূহ সরাসরি সম্প্রচার করে সে বিষয়ে তথ্য মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| ২.৮ | ক) জাতীয় দৈনিক ও সাময়িকীতে ক্রোড়পত্র প্রকাশ, পোস্টার মুদ্রণ ও বিতরণ এবং বঙ্গবন্ধুর উপর প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শন করতে হবে।<br><br>খ) শিক্ষা প্রতিষ্ঠান/গ্রোথ সেন্টারসহ গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার লাগানো ও এলইডি বোর্ডের মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর এবং গণযোগাযোগ অধিদপ্তর<br><br>খ) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ এবং ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন | ক) সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় জানান যে, এ বছর জাতীয় শোক দিবসের জন্য পর্যাপ্ত সংখ্যক পোস্টার ছাপানো হয়েছে। ১৫ আগস্ট ২০২১ তারিখে জাতীয় দৈনিক ও সাময়িকীতে ক্রোড়পত্র প্রকাশ করার সার্বিক প্রস্তুতি সম্পন্ন হয়েছে এবং বঙ্গবন্ধুর উপর প্রামাণ্য চলচ্চিত্র সারাদেশে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br><br>খ) সভা অবহিত হয় যে, জাতীয় শোক দিবসের পোস্টার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান/গ্রোথ সেন্টারসহ গুরুত্বপূর্ণ স্থানে স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা করা হয়েছে। |

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়নে | অগ্রগতি |
|---|---|---|---|
| | (গ) জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সারাদেশে গৃহীত কর্মসূচির ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (গ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় জানান যে, জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সারাদেশে গৃহীত কর্মসূচির ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| ২.৯ | জাতীয় শোক দিবসের তাৎপর্য উল্লেখ করে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের মাধ্যমে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ সকল মোবাইল গ্রাহককে ক্ষুদে বার্তা প্রেরণ করবে। | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন | সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ জানান যে, এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ২.১০ | শিক্ষা প্রতিষ্ঠান, শিশু একাডেমি বা অনুরূপ প্রতিষ্ঠানের অনুরোধের ভিত্তিতে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে জাতীয় শোক দিবস ও বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বক্তৃতার আয়োজন করতে পারে। | কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ ও মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি | কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর জানান যে, সারা বছর জুড়ে শিক্ষা প্রতিষ্ঠান, শিশু একাডেমি বা অনুরূপ প্রতিষ্ঠানের অনুরোধের ভিত্তিতে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে 'জাতীয় শোক দিবস' ও বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক বক্তৃতার আয়োজন করার পূর্ণ প্রস্তুতি রয়েছে। |
| ২.১১ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর ও সংস্থা জাতীয় শোক দিবসের সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন এবং সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে তা বাস্তবায়ন করবে। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, সংযুক্ত অধিদপ্তর, সংস্থা ও দপ্তর | সভা অবহিত হয় যে, জাতীয় শোক দিবসের সঙ্গে সামঞ্জস্য রেখে কর্মসূচি প্রণয়ন ও সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্য বিধি অনুসরণ করে তা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার প্রদান করা হচ্ছে। |
| | সহায়ক কার্যক্রম:<br>(ক) ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে সরকারি-বেসরকারি সকল প্রাথমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা, কলেজ, মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করবে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয় ছাত্র/ছাত্রীদের জন্য সংসদ বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করবে। | (ক) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন | (ক) সভা অবহিত হয় যে, আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়নে | অগ্রগতি |
|---|---|---|---|
| | (খ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় তার অধীনস্থ সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে আলোকচিত্র প্রদর্শনী, নিরীক্ষা, নবারুণ, সচিত্র বাংলাদেশ ও বাংলাদেশ কোয়ার্টারলির বিশেষ সংখ্যা প্রকাশ, স্মরণিকা ও বিশেষ নিবন্ধ প্রকাশ, আলোচনা সভা ও অন্যান্য কার্যক্রম গ্রহণ করবে। গণযোগাযোগ অধিদপ্তর প্রয়োজনীয় ক্ষেত্রে শব্দযন্ত্র সরবরাহ করবে। বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামচা গ্রন্থ দু'টির পাঠ আগস্ট মাসব্যাপি প্রচারের ব্যবস্থা করবে এবং কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার আগস্ট মাসের শুরুতেই বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক আলোচনা অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে শোক দিবসের কর্মসূচি পালন শুরু করবে। | (খ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, গণযোগাযোগ অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বাসস, পিআইবি, বিএফডিসি, ডিএফপি এবং কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর | (খ) সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় জানান যে, জাতীয় কর্মসূচির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| | (গ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় তার অধীনস্থ সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় শোক দিবসের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে যথাযোগ্য মর্যাদায় সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে। এছাড়া, ইসলামিক ফাউন্ডেশন সারাদেশে ফাউন্ডেশনের সকল দপ্তরে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে পবিত্র কোরআন তেলাওয়াত, হামদ-নাত, আলোচনা সভা ও দোয়া মাহফিলের মাধ্যমে দিবসটি পালন করবে। | (গ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন, জেলা প্রশাসক (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল) | (গ) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় জানান যে, আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| | (ঘ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় তার আওতাধীন সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় শোক দিবসের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে। | (ঘ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ঘ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান যে, আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| | (ঙ) সমাজকল্যাণ মন্ত্রণালয় তার অধীনস্থ সমাজসেবা অধিদপ্তর, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, সরকারি শিশু পরিবারসহ অন্যান্য সংস্থা, দপ্তর ও প্রতিষ্ঠানে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে পবিত্র কোরআন তেলাওয়াত, আলোচনা অনুষ্ঠান, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, হামদ-নাত ও দোয়া মাহফিলের আয়োজন করবে। | (ঙ) সমাজকল্যাণ মন্ত্রণালয় | (ঙ) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় জানান যে, আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |

| | | | |
|---|---|---|---|
| | (চ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় তার অধীনস্থ সংস্থা ও দপ্তরের মাধ্যমে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবসের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে। | (চ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | (চ) সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় জানান যে, আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| | (ছ) সোহরাওয়ার্দী উদ্যানে স্থাপিত স্বাধীনতা স্তম্ভ ও মুক্তিযুদ্ধ জাদুঘরের আশ-পাশের এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ছ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং জেলা প্রশাসন, ঢাকা | (ছ) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় জানান যে, এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| | (জ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় তার অধীনস্থ সংস্থা ও দপ্তরের মাধ্যমে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবসের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে। | জ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | (জ) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় জানান যে, আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| | (ঝ) সমাজকল্যাণ মন্ত্রণালয় ও এনজিও বিষয়ক ব্যুরো সকল বেসরকারি সংস্থা (এনজিও) এবং সারাদেশে এনজিও-এর মাধ্যমে পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | (ঝ) সমাজকল্যাণ মন্ত্রণালয় ও এনজিও বিষয়ক ব্যুরো | (ঝ) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় ও মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো জানান যে, সকল বেসরকারি সংস্থা (এনজিও) এবং সারাদেশে এনজিও-এর মাধ্যমে পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্য বিধি অনুসরণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ২.১১ | (ক) জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন এবং জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে। জেলা ও উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। | (ক) মন্ত্রিপরিষদ বিভাগ, মন্ত্রণালয়/ বিভাগ (সকল), সংযুক্ত অধিদপ্তর, সংস্থা ও দপ্তরসমূহ, বিভাগীয় কমিশনার (সকল) জেলা প্রশাসক (সকল) এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল) | সভা অবহিত হয় যে, জেলা ও উপজেলা পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে এবং বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের সঙ্গে ভিডিও কনফারেন্স করা হয়েছে। |
| | (খ) জাতীয় শোক দিবসের সামগ্রিক প্রস্তুতি পর্যালোচনার নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের সঙ্গে ভিডিও কনফারেন্স করবে। | (খ) অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ | |

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়নে | অগ্রগতি |
|---|---|---|---|
| ২.১৩ | বিভিন্ন প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠন কর্তৃক টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিস্থলে এবং ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, দোয়া মাহফিল ও আলোচনা সভার আয়োজনের ক্ষেত্রে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে। জেলা প্রশাসন, গোপালগঞ্জ এবং বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ আইন প্রয়োগকারী সংস্থার সহায়তায় এ সকল কর্মসূচির সমন্বয় সাধন, শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করবে। | জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, বিভাগীয় কমিশনার, ঢাকা, উপ-পুলিশ মহাপরিদর্শক, ঢাকা,<br>জেলা প্রশাসক, ঢাকা, জেলা প্রশাসক, গোপালগঞ্জ, পুলিশ সুপার, গোপালগঞ্জ এবং বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ | সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ ও সচিব, সুরক্ষা সেবা বিভাগ এবং জেলা প্রশাসক, ঢাকা ও গোপালগঞ্জ জানান যে, কর্মসূচি অনুযায়ী প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থাসহ যাবতীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। |
| ২.১৪ | জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কর্মসূচিতে জেলা পরিষদ ও পৌরসভার অংশগ্রহণসহ দেশের সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য জাতীয় কর্মসূচির আলোকে স্ব স্ব কর্মসূচি প্রণয়নকরতঃ স্বাস্থ্যবিধি অনুসরণ করে তা বাস্তবায়ন করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ | সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ জানান যে, দেশের সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ কর্তৃক যথাযোগ্য মর্যাদায় 'জাতীয় শোক দিবস' পালনের জন্য স্ব স্ব কর্মসূচি প্রণয়ন করত: স্বাস্থ্য বিধি অনুসরণ করে তা বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে এবং এর ফলো-আপ করা হচ্ছে। |
| ২.১৫ | জাতীয় শোক দিবসের সঙ্গে সংগতি রেখে মন্ত্রণালয়/বিভাগসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাস্তবায়ন করবে। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে। সকল মন্ত্রণালয়/বিভাগ জুলাই ২০২১-এ একটি প্রস্তুতিমূলক সভা এবং আগস্ট ২০২১-এর প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ | সভা অবহিত হয় যে, মন্ত্রণালয়/বিভাগসমূহ আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করছে। |
| ২.১৬ | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং রাষ্ট্রীয় অনুষ্ঠান, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম, ইমাম প্রশিক্ষণ কার্যক্রমে পুরস্কার ও কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং ইসলামিক ফাউন্ডেশন | সভা অবহিত হয় যে, এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| ২.১৭ | টুঙ্গিপাড়ায় অনুষ্ঠেয় কর্মসূচি অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ ও কমিশনার, ঢাকা বিভাগ সমন্বয় করবেন। | অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ<br>ও কমিশনার, ঢাকা বিভাগ | অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ ও বিভাগীয় কমিশনার, ঢাকা জানান যে, টুঙ্গিপাড়ায় অনুষ্ঠেয় সকল কর্মসূচি সমন্বয় করা হবে। |

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়নে | অগ্রগতি |
|---|---|---|---|
| ২.১৮ | জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, জেলা ও উপজেলায় প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, অর্থ বিভাগ ও স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ | সভা অবহিত হয় যে, এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ২.১৯ | জাতীয় শোক দিবসের কর্মসূচি বাস্তবায়ন, পরিবীক্ষণ ও প্রয়োজনীয় সমন্বয় সাধনের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করতে হবে:<br>ক) ৩২ নম্বর ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটি এবং<br>খ) ঢাকার বনানী কবরস্থানে অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটি | মন্ত্রিপরিষদ বিভাগ | ৩২ নম্বর ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটির সভা ১৩.০৭.২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে ও ফলো-আপ সভা ০৮.০৮.২০২১ তারিখে অনুষ্ঠিত হবে, ঢাকার বনানী কবরস্থানে অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটির সভা ১৫.০৭.২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে ও ফলো-আপ সভা ০৮.০৮.২০২১ তারিখে অনুষ্ঠিত হবে। |
| ২.২০ | ঢাকাসহ সারাদেশের বিভিন্ন স্থানে স্থাপিত ডিজিটাল বিলবোর্ড/ইলেক্ট্রনিক বিলবোর্ড-এর মাধ্যমে জাতীয় শোক দিবসের কর্মসূচি ব্যাপক প্রচার করতে হবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, জেলা প্রশাসক (সকল) এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) | সভা অবহিত হয় যে, এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ২.২১ | জাতীয় শোক দিবসের সঙ্গে সংগতিপূর্ণ কর্মসূচি চূড়ান্ত করে সকল মন্ত্রণালয়/বিভাগ ভার্চুয়াল প্লাটফর্মে আয়োজনে সহযোগিতার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ করবে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং সকল মন্ত্রণালয়/বিভাগ | সভা অবহিত হয় যে, এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |

৩। 'জাতীয় শোক দিবস' যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সভাপতি সকলের প্রতি অনুরোধ জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
০২/০৮/২০২১
(খন্দকার আনোয়ারুল ইসলাম)
মন্ত্রিপরিষদ সচিব

নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.১৬.০০১.২১.৩৬৬

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৮
০২ আগস্ট ২০২১

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২. সিনিয়র সচিব/সচিব (সকল) ........................................................................ মন্ত্রণালয়/বিভাগ
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ
৪. পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ
৫. রাষ্ট্রপতির সামরিক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ
৭. কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, ধানমন্ডি, ঢাকা
৮. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা
৯. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর
১০. কমিশনার (সকল বিভাগ)
১১. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা
১২. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা
১৩. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
১৪. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
১৫. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর
১৬. মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
১৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
১৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
১৯. ......................................................................
২০. জেলা প্রশাসক (সকল)
২১. পুলিশ সুপার, গোপালগঞ্জ জেলা
২২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)

অনুলিপি: কার্যার্থে/জ্ঞাতার্থে

১. সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ
২. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ

০২-০৮-২০২১
(মোঃ [illegible] হাসান)
উপসচিব
ফোন: ৯৫৪০৬৭২
মোবাইল: ০১৭১১-৩৭২১৫০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা ১২১১।
www.prison.gov.bd

স্মারক নং-কারা/প্র-৫৮ ০৪.০০০০.০২১.০৫.০০১.২০২০/ ৭৩৩

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৮
০২ আগস্ট ২০২১

মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখার স্মারক নং ০৪.০০.০০০০.৪১৬.১৬.০০১.২০২১-৩৮০ তারিখ: ১৩-৭-২১এবং নং ০৪.০০.০০০০.৪১৬.১৬.০০১.২০২১-৩৬৬ তারিখ ০২-৮-২১ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। প্রকল্প পরিচালক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
২। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
পত্রের মর্মানুযায়ী আপনার অধীনস্থ কারাগারসমূহে অনুলিপি প্রেরণ পূর্বক বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।
৩। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ একাডেমি, রাজশাহী।
৪। সিনিয়র জেল সুপার/ জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
৫। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৬। পরিচালক, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
৭। জনসংযোগ কর্মকর্তা/ ২ য় ২/ ঘটেকি অফিসার/মেডিক অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। উল্লিখিত স্মারকটি কারা বিভাগের নিজস্ব ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
১০। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
১১। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ মহাপরিদর্শক (সদর) মহোদয়ের সদয় অবগতির জন্য।
১২। গার্ড ফাইল।

০২/৮/২১
মোহাম্মদ [illegible] হোসেন
সহকারী কারা মহাপরিদর্শক(প্রশাসন, অধ্যা:)
পক্ষে কারা মহাপরিদর্শক।
ফোন নং ৯৫৩০০৪২৪
aig.admin@prison.gov.bd